



কাজী নজরুল বিশ্ববিদ্যালয়

আসানসোল

১২৬^{তম} নজরুল জন্মজয়ন্তী ও ৪৫^{তম} নজরুল মেলা



Date: 30.04.2025

Ref. No. KNU/Nazrul Mela/2025/Apr/6

বিজ্ঞপ্তি

কাজী নজরুল বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে ও পরিচালনায় এ-বছরের '১২৬^{তম} নজরুল জন্মজয়ন্তী ও ৪৫^{তম} নজরুল মেলা' বিগত বছরের ন্যায় অনুষ্ঠিত হবে। এই সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য একক বা সমবেতভাবে ইচ্ছুক নজরুল সংগীত / আবৃত্তি / নজরুল সংগীতের ভাবানুসারী নৃত্য বিষয়ে, কাজী নজরুল বিশ্ববিদ্যালয় অডিশনের ব্যবস্থা গ্রহণ করেছে। চুরুলিয়া ও পার্শ্ববর্তী গ্রামের ছাত্রছাত্রী ও ইচ্ছুক শিল্পীরা, যারা এই অডিশনে আবেদন করতে ইচ্ছুক তারা সাদা কাগজে নিজের / নিজেদের নাম, e-mail address, যোগাযোগের নম্বর (চলভাষ) ও অংশগ্রহণের বিষয় (সংগীত, নৃত্য, আবৃত্তি) উল্লেখ করে আবেদন করতে পারেন। আবেদন পত্রের সাথে বিদ্যালয় / মহাবিদ্যালয় / কলেজ-কর্তৃক প্রদত্ত পরিচয়পত্র বা নিজস্ব পরিচয়পত্র (Identity Card) জমা করতে হবে।

সংগীত ও আবৃত্তি সম্বন্ধীয় নিয়মাবলী:

- অডিশনে বা অনুষ্ঠানে নজরুল ভিন্ন অন্য কোনো গীতিকারের গান পরিবেশিত হবে না।
- মাইক্রোফোন ব্যতীত খালি গলায় দলগতভাবে-গীত দুটি নজরুল সংগীতের ভিডিও জমা দিতে হবে। রেকর্ডিং এ Equalizer বা Reverb-এর প্রয়োগ যেন না থাকে।
- পূর্বের কোনো মঞ্চের অনুষ্ঠানের ভিডিও গ্রহণ করা হবে না।
- শিল্পীদের ভিডিও পেনড্রাইভ বা সিডিতে জমা দিতে হবে। অডিও ফাইল গৃহীত হবে না।
- সমবেত অনুষ্ঠানের ক্ষেত্রে শিল্পী সংখ্যা সর্বনিম্ন ৬ ও সর্বাধিক ১০ জন হতে হবে। এই সংখ্যার তারতম্য ঘটলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সেই দলের অনুষ্ঠান বাতিল বলে ঘোষণা করবে।
- কোনো একটি শিল্পীগোষ্ঠী অপর শিল্পীগোষ্ঠীর সাথে সংযুক্ত হয়ে অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন না।
- ভিডিও-তে যারা অংশগ্রহণ করবেন তাদের সকলের পরিচিতি আবেদন পত্রে উল্লেখ করতে হবে। অনুষ্ঠানে সেই শিল্পীরাই উপস্থিত থাকবেন। যদি কোনো কারণবশত পরিবর্তন আবশ্যিক হয় তবে বিশ্ববিদ্যালয়কে ১৯ মে, ২০২৫ তারিখের পূর্বে লিখিত আকারে জানাতে হবে।
- অনুষ্ঠান চলাকালীন শিল্পীগোষ্ঠী-কর্তৃক প্রদত্ত শিল্পীদের নামের বাইরে অন্য কোনো শিল্পীকে অনুষ্ঠানে অন্তর্ভুক্ত করা যাবে না।
- মোবাইল বা ক্যামেরা Horizontally অবস্থায় কোনো নির্দিষ্টস্থানে রেখে ভিডিও করবেন।
- বিশ্ববিদ্যালয়-কর্তৃক মনোনীত 'Selection Board'-এর সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

নৃত্য সম্বন্ধীয় নিয়মাবলী:

- অডিশনে বা অনুষ্ঠানে নজরুল ভিন্ন অন্য কোনো গীতিকারের গান পরিবেশিত হবে না।
- পূর্বের কোনো মঞ্চের অনুষ্ঠানের ভিডিও, সোশ্যাল মিডিয়ায় প্রদত্ত Reel, Post গ্রহণ করা হবে না।
- শিল্পীদের ভিডিও পেনড্রাইভ বা সিডিতে জমা দিতে হবে।
- সমবেত অনুষ্ঠানের ক্ষেত্রে শিল্পী সংখ্যা সর্বনিম্ন ৬ ও সর্বাধিক ১০ জন হতে হবে। এই সংখ্যার তারতম্য ঘটলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সেই দলের অনুষ্ঠান বাতিল বলে ঘোষণা করবে।
- কোনো একটি শিল্পীগোষ্ঠী অপর শিল্পীগোষ্ঠীর সাথে সংযুক্ত হয়ে অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন না।
- ভিডিও-তে যারা অংশগ্রহণ করবেন তাদের সকলের পরিচিতি আবেদন পত্রে উল্লেখ করতে হবে। অনুষ্ঠানে সেই শিল্পীরাই উপস্থিত থাকবেন। যদি কোনো কারণবশত পরিবর্তন আবশ্যিক হয় তবে বিশ্ববিদ্যালয়কে ১৯ মে, ২০২৫ তারিখের পূর্বে লিখিত আকারে জানাতে হবে।
- অনুষ্ঠান চলাকালীন শিল্পীগোষ্ঠী-কর্তৃক প্রদত্ত শিল্পীদের নামের বাইরে অন্য কোনো শিল্পীকে অনুষ্ঠানে অন্তর্ভুক্ত করা যাবে না।
- নৃত্য পরিবেশনায় যথাযথ ও সুরুচিপূর্ণ পোশাক ব্যবহার করবেন। খেয়াল রাখবেন যেন Background যেন সুন্দর থাকে।
- বিশ্ববিদ্যালয়-কর্তৃক মনোনীত 'Selection Board'-এর সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

বিশ্ববিদ্যালয়-কর্তৃক মনোনীত Selection Board-এর সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

আপনাদের কাছে অনুরোধ আগামী ২ মে ২০২৫ থেকে ৭ মে ২০২৫ তারিখ বিকেল ৫:০০টার মধ্যে নিম্নোক্ত ঠিকানায় আবেদনপত্রগুলি পাঠানোর ব্যবস্থা করবেন।


Research Associate, Nazrul Centre for Social and Cultural Studies (NCSCS), Administrative Building, Room No. 111, Kazi Nazrul University, Kalla More, Nazrul Road, Near Kalla Hospital (C. H.), Asansol – 713340, Paschim Bardhaman, West Bengal



সম্পাদক

নজরুল মেলা সমিতি, ২০২৫
কাজী নজরুল বিশ্ববিদ্যালয়





যুগ্ম-সম্পাদক

নজরুল মেলা সমিতি, ২০২৫
কাজী নজরুল বিশ্ববিদ্যালয়